

বাসুন

আজ ছুটির দিন, সারাদিনই আমার আর তোর কিছুই করার নেই, যদিও সন্ধ্যায় আমরা কয়েকদিনের জন্য শহরের বাইরে বেড়াতে যাবো, সেই প্রস্তুতি চলছে দিনভর তাই না সোনা? বাবু তুই আস্তে আস্তে বড় হয়ে যাচ্ছিস, কেমন পাকা পাকা কথা বলিস, মাত্র তো তোর আট চলছে তাতেই এতকিছু বুঝিস কেমন করে? সেদিন আমি আর তুই রাতে ঘুমোবার সময় দুজন দুজনকে জড়িয়ে ধরে গল্প করছিলাম, আমি তোকে বললাম "তুই আমাকে ছেড়ে কোনদিনও যাবি না তো বাসুন? তুই কিছুক্ষন চুপ করে থেকে বললি" বাট আই নীড মাই ওন হাউস, হোয়েন আই গড মেরী আই উইশ আই কুড স্টে উইথ মাই ওয়াইফ"। এই তো ইন্ডিভিজুয়ালিজমের প্রভাব। ভালো/মন্দের কথা না বাবু, আমাদের বাবা মায়েরা আমাদেরকে অনেক মারধোর করার পরও তাদের জন্য আমাদের যে ভালোবাসা ও যত্ন আছে তার ছিটেফোটাও তাদের থাকবে কিনা সেকথা এ যুগের কোন বাবা/মাই ভরসা দিয়ে বলতে পারে না।

যাক সেসব কথা, আজ তোকে নিয়ে দুপুরের দিকে গিয়েছিলাম তোর স্কুল মাঠে, বাড়ির কাছে এই পার্কটাই তোর/ আমার সবচেয়ে প্রিয় জায়গা তাই না সোনা? নীরব একটা আবাসিক এলাকা, ছুটির এই দিনগুলোতে আরো শুনশান হয়ে যায় জায়গাটা, তুই মাঠে আর প্লেগ্ৰাউন্ড খেলছিস, আমি একটা গাছের নীচে কাপড় বিছিয়ে বই পড়ছিলাম। হঠাৎ চমকে ঘুরে দেখি আমার প্রায় ঘাড়ের কাছে একটা কুকুর। এদেশে কুকুর দেখে ভয় পেতে হয় না বলেই চিৎকার দেইনি। পাশে দাড়িয়ে এক মধ্যবয়সী সাদা যুবক, নিজের পরিবেশ বলেই আলাপ হতে সময় লাগলো না। ওর নাম নিকোল, কুকুর কে বেড়াতে নিয়ে এসছে মাঠে, বার বার কুকুরের গায়ে আদর করছে আর বলছে "ইউ আর এ্য স্মার্ট গার্ল, আরনট ইউ"। আমি বুঝলাম কুকুরটা মেয়ে এবং এরপর নিকোল এর কাছে যা শুনলাম তা আমি আমার এই কানাডিয়ান জীবনে আগে শুনিনি। কুকুর এর নাম বেসি, বয়স প্রায় ৬০, ওর ক্যানসার হয়েছে এবং গতবছরই কুকুর বেসির মারা যাবার কথা ছিলো কিন্তু সামহাউ ও বেচে আছে। নিকোল আরো উত্তেজিত হয়ে বলতে থাকলো, বেসি নাকি দশবছর আগে ওর প্রথম মালিকের কাছে এ্যবিউসড হয়েছিলো এবং সেটা নিয়ে মামলা চলার একবছর পর সেই লোককে এ্যরেস্ট করা হয়েছে। বেসির স্বভাব এর ভিতর সেকারনেই ইনসিকিউরিটি গ্রো করেছে, বেসি তাই খুব সোস্যাল এ্যক্ট করে না। নিকোল কে আমি যখন জিজ্ঞেস করলাম তাহলে তো তুমি ওকে খুব আলাদা করেই যত্ন নাও তাই না? নিকোল বুঝি এতক্ষনে আমার সীমাহীন মুখতা দেখে হাপিয়ে উঠেছে, ও বলল, "কি বলছো তুমি? আমি তো ওর জন্যই বেচে আছি।" এবারও আমি পাল্টা প্রশ্ন করলাম, তুমি বিয়ে করোনি? এবার নিকোল হেসে উঠে বলল "আমি একজন গে"। জানিস বাবু, কুকুর বেসি এবং মানুষ নিকোল কিন্তু পাশাপাশি একজন গে ইত্যাদি শুনে ইতিমধ্যে আমারও ঘাম ছোট্টার জোগাড়। বিশ্বের সবচেয়ে দরিদ্র দেশ থেকে এসছি বলেই তুলনা চলে আসে পিছু ফিরে তাকাই

হয়তো গ্রাম্য মেয়েদের মতো । আমার দেশে মানুষ খুন করলেও এ্যারেস্ট হতে বছর পাড়
হয়ে যায় আরতো কুকুর এ্যাবিউসড । তোরা বড় হচ্ছিস এইসব মানবিক গুন নিয়ে তোদের
কে নিয়ে চিন্তা কি বল? তবুও যখন তুই বলিস "আই নীড মাই ওন লাইফ" তখন গ্রামের
মেয়েদের মতোই ভিতরটা ককিয়ে উঠে ।

আদর

তোর মা ।

জুলাই , ২১, ০৭